তারিখ : 18 AUG 2016
পৃষ্ঠা ... কলাম ... ৩

সংবাদ

## বিএম কলেজ দর্শন বিভাগ

# সহস্রাধিক শিক্ষার্থীর শিক্ষক দুই জন!

জেলা বার্তা পরিবেশক, বরিশাল

বরিশাল ব্রজমোহন কলেজে (বিএম) কলেজের দর্শন বিভাগে সোমবার সম্মান ও স্নাতকোত্তর শ্রেণীতে মোট ক্লাস ছিল ১০টি। এরমধ্যে শুধুমাত্র তৃতীয় বর্ষের একটি ক্লাসে গিয়ে হাজিরা দেন বিভাগীয় প্রভাষক এম মওদুদ আহম্মেদ। অপর ৯টি ক্লাসে শিক্ষকরা যাননি। দর্শন বিভাগে এভাবে ক্লাস না হওয়া এখন নিত্যদিনকার ঘটনা। দর্শন বিভাগের শিক্ষার্থীরা জানিয়েছেন, বিভাগীয় প্রধান ও একজন প্রভাষক দিয়ে চলছে প্রায় ১ হাজার ১০০ শত শিক্ষার্থীর দর্শন বিষয়ের পাঠদান। এর প্রতিবাদে তারা বিক্ষোভ মিছিল করে স্মারকলিপি দিলেও সমস্যার কোন সমাধান হচ্ছে না। জানা গেছে, দর্শন বিভাগে দুজন শিক্ষক পদায়ন থাকলেও কার্যত দায়িত্ব পালন করছেন শুধু প্রভাষক মওদুদ আহম্মেদ। বিভাগীয় প্রধান সহযোগী অধ্যাপক হেমায়েত উদ্দিন কলেজের বিভিন্ন উপ-কমিটির দায়িত্ব পালন নিয়ে ব্যস্ত সময় কাটান। ফলে দর্শন বিভাগের শিক্ষার্থীদের পাঠদানই শুধু বিঘ্নিত হচ্ছে না। বিভাগটির প্রশাসনিক কার্যক্রমও বিঘ্নিত হচ্ছে। কলেজ সূত্রে জানা গেছে, দর্শন বিভাগে শিক্ষকদের মোট পদ হচ্ছে ৪টি। ২০০৮ সাল থেকে ২টি পদ শূন্য রয়েছে। অন্যদিকে বিভাগে শিক্ষার্থীর সংখ্যা হচ্ছে সম্মান প্রথম বর্ষে ২২২ জন, দ্বিতীয় বর্ষে ১৫০, তৃতীয় বর্ষে ১৭০ জন, চতুর্থ বর্ষে ১৬০ জন এবং স্নাকোত্তর বিভাগে ১৯২ জন। এছাড়া প্রিলিমিনারিতে শিক্ষার্থী আছে ২০০ জন। সূত্রগুলো জানিয়েছে, বিভাগীয় প্রধান হেমায়েত উদ্দিন বর্তমানে সম্মান প্রথম বর্ষ এবং ডিগ্রী (পাস) পরীক্ষা কমিটির আহ্বায়কের দায়িত্ব পালন করছেন। কিছুদিন আগেও তিনি অশ্বিনী কুমার ছাত্রাবাসের তত্ত্বাবধায়কের দায়িত্বে ছিলেন। তিনি সারা বছরই কলেজের বিভিন্ন উপ-কমিটির দায়িত্ব পালন করায় দর্শন বিভাগের শ্রেণীকক্ষে পাঠদান ও প্রশাসনিক কাজে সময় দেবার সুযোগ পাননা। ফলে গোটা বিভাগের সব কাজ একাই সামলাতে হয় প্রভাষক মওদুদ আহম্মেদকে। একারনে সৃষ্ট সংকট নিরসনের জন্য গত সপ্তাহে দর্শন বিভাগের শিক্ষার্থীরা ক্যাম্পাসে বিক্ষোভ ও অধ্যক্ষের কাছে স্মারকলিপি প্রদান করেন। দর্শন বিভাগ থেকে গত ১৯ জুলাই সরকারি কর্মাশিয়াল কলেজে বদলী হন সহকারী অধ্যাপক মো. মাসুদ রানা।